

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ২৪১

তারিখ: ২০ মে ২০২৬

বিষয় : ৩০ দিন মেয়াদী ব্লক বাটিক ও ডেস মেকিং ট্রেডে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ এ আগামী ০৩/০৬/২০২৬ হতে ০২/০৬/২০২৬ তারিখ পর্যন্ত ৩০ দিন মেয়াদী ব্লক বাটিক ও ডেস মেকিং ট্রেডে মহিলা সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত ছকে আগ্রহী সুফলভোগী সদস্যদের নামের তালিকা জরুরি ভিত্তিতে আগামী ২৩/০৬/২০২৬ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক

ক্র. নং	সমিতির কোড নং	সদস্যের নাম ও আইডি নং	বয়স	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর	মন্তব্য

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক বিষয়সমূহ:

১. বিশেষ সমিতির সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
২. সদস্যদের বয়স ৪০ বছরের নিচে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
৩. ইত:পূর্বে প্রকল্পের আওতায় সে সকল সদস্যদেরকে সেলাই ও এমব্রয়ডারী ট্রেডসহ দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৬. অফিস নথি।